

# ০৯ নং কুলঞ্জ ইউনিয়ন পরিষদ

[www.kulanjup.sunamgani.gov.bd](http://www.kulanjup.sunamgani.gov.bd)

দিরাই, সুনামগঞ্জ

মোবা: ০১৭৮৫-৪৭৭৫৫৮, ০১৭৫৫-৩১৮৭০০, Email: kanutalukder@gmail.com

স্মারক নং: ১১১/২০১৮-১৯

তারিখ: ১৩.০২.১৯ খ্রি:

সভার নাম : মাসিক সভা।  
সভাপতি : জনাব মো: মুজিবুর রহমান।  
চেয়ারম্যান, ০৯ নং কুলঞ্জ ইউ/পি।  
স্থান : ইউ/পি কার্যালয়, উপজেলা- দিরাই, জেলা-সুনামগঞ্জ।  
তারিখ : ১২.০২.১৯ খ্রিঃ দুপুর ১১.০০ ঘটিকা।

## বিষয়: ০৯ নং কুলঞ্জ ইউনিয়ন পরিষদের ফেব্রুয়ারি/২০১৯ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

অদ্য ১২.০২.১৯ খ্রিঃ তারিখে ০৯ নং কুলঞ্জ ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে ফেব্রুয়ারি/২০১৯ মাসের মাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন ইউ/পি চেয়ারম্যান জনাব মো: মুজিবুর রহমান তালুকদার।

### আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. এল জি এসপি-৩ এর অগ্রগতি সম্পর্কিত আলোচনা।
- ৩। ০৫ নং ওয়ার্ডের গ্রাম পুলিশ নুরজালালের কাজে যোগদান সম্পর্কে আলোচনা।
- ৪। বিবিধ।

### সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

#### ১নং আলোচ্যসূচি:

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানোর জন্য ইউপি সচিব কে আহ্বান করেন। ইউপি সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানোর পর ইহাতে ইউপি সংযোজন বা বিয়োজন থাকায় উক্ত সভায় পুনরায় সভার কার্যবিবরণী অনুমোদন হয়।

#### ০২ নং আলোচ্য সূচি:

সভার প্রারম্ভেই সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিরাই, সুনামগঞ্জ মহোদয়ের ১৮.১১.১৮ খ্রি: তারিখের ১৬৪ নং স্মারক এলজিএসপি-৩ এর অগ্রগতি সম্পর্কে প্রতিবেদন দিতে বলা হয়। বিষয়টি নিয়ে সকলের মাঝে বিস্তারিত আলাপ-আলোচনা করার জন্য সভাপতি সাহেব উপস্থিত সকলকে আহ্বান করেন। উপস্থিত প্রত্যেকেই বলেন যে নিজ নিজ ওয়ার্ডে কাজগুলো চলমান এবং আগামী ১০-১৫ দিনের মধ্যে সকল কাজ শেষ হবে আশা করা যায়। সভাপতি সাহেব উপস্থিত সকল ইউপি সদস্যকে কাজ সঠিকভাবে হচ্ছে কিনা এ বিষয়ে তদারকি করতে এবং কাজ দ্রুত শেষ করার জন্য টিকাদারের সাথে আলোচনা করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ করেন।

#### ০৩ নং আলোচ্য সূচি:

সভাপতি সাহেব সভায় জানান যে ০৫ নং ওয়ার্ডের গ্রাম পুলিশ মো: নুরজালাল গত ২২.০৭.১৮ ইং তারিখ থেকে অদ্যাবধি পর্যন্ত অফিসে অনুপস্থিত রয়েছে। এ বিষয়ে তাকে গত ১২.১২.১৮ ইং তারিখে ৮১ নং স্মারকে তাকে নোটিশ প্রদান করা হলে সে নোটিশ গ্রহণ করেনি উপরন্তু যারা নোটিশ নিয়ে গিয়েছিল তাদের সাথে খারাপ ব্যবহার করে। অতঃপর ১৭.১২.২০১৮ ইং তারিখে ৮৫ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ কে বিষয়টি লিখিতভাবে জানানো হয়। কিন্তু গত ১২.০২.১৯ ইং তারিখে সে তার কাজে পুনরায় যোগ দেবার জন্য এবং ভবিষ্যতে এর এরকম কাজে ফাঁকি দিবেনা ও এখন থেকে ঠিকমত সে তার দায়িত্ব সঠিকভাবে পালন করবে এ বিষয়ে লিখিতভাবে আবেদন করে। ইউনিয়ন পরিষদ সচিব জনাব কানু রঞ্জন তালুকদার আবেদনটি উপস্থিত সকলের

মাঝে পড়ে শোনান এবং আবেদনের বিষয়বস্তু নিয়ে উপস্থিত সকলকে আলোচনা করার জন্য আহ্বান করেন। উপস্থিত সকলেই বিষয়টি নিয়ে ব্যাপক আলোচনা করেন এবং ভবিষ্যতে যেন আর সে তার কর্তব্যে অবহেলা না করে ও নিয়মিত অফিস করে এ বিষয়ে তাকে জানানো হয় এবং তাকে তার বকেয়া বেতন-ভাতা প্রদানের সুপারিশ করা হয়। যদি ভবিষ্যতে সে তার দায়িত্ব পালনে গাফিলতি করে এবং ঠিকমত অফিস না করে তাহলে তার বিরুদ্ধে বিনা নোটিশেই ব্যবস্থা ও বেতন ভাতা বন্ধ করে দেয়া হবে।

#### ০৪ নং আলোচ্যসূচি:

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

#### পরিশিষ্ট “ক”

	নাম	পরিচিতি	পদবী	স্বাক্ষর
১	জনাব মো: মুজিবুর রহমান তালুকদার	ইউ/পি চেয়ারম্যান	সভাপতি	হাজিরায় স্বাক্ষরিত
২	জনাব চান মিয়া চৌধুরী	ইউ/পি সদস্য	সদস্য	হাজিরায় স্বাক্ষরিত
৩	জনাব ফুলকাছ মিয়া	ইউ/পি সদস্য	সদস্য	হাজিরায় স্বাক্ষরিত
৪	জাকারিয়া	ইউ/পি সদস্য	সদস্য	হাজিরায় স্বাক্ষরিত
৫	জনাব সোহেল রানা	ইউ/পি সদস্য	সদস্য	হাজিরায় স্বাক্ষরিত
৬	জনাব আছাদ মিয়া চৌধুরী	ইউ/পি সদস্য	সদস্য	হাজিরায় স্বাক্ষরিত
৭	জনাব আপ্পুর মিয়া	ইউ/পি সদস্য	সদস্য	হাজিরায় স্বাক্ষরিত
৮	বিপ্লোল চন্দ্র দাস তালুকদার	ইউ/পি সদস্য	সদস্য	হাজিরায় স্বাক্ষরিত
৯	জনাব বীরেন্দ্র চন্দ্র দাস	ইউ/পি সদস্য	সদস্য	হাজিরায় স্বাক্ষরিত
১০	জনাবা সাবিনা আক্তার	ইউ/পি সদস্য	সদস্য	হাজিরায় স্বাক্ষরিত
১১	জনাবা ডলি বেগম	ইউ/পি সদস্য	সদস্য	হাজিরায় স্বাক্ষরিত
১২	জনাবা শিল্পী রানী বর্মন	ইউ/পি সদস্য	সদস্য	হাজিরায় স্বাক্ষরিত

অনুলিপি:

০১। উপজেলা নির্বাহী অফিসার,দিরাই,সুনামগঞ্জ।

০২। অফিস কপি।

*Ano* ১৩.০২.১৯

চেয়ারম্যান

(মো:মুজিবুর রহমান তালুকদার}

০৯ নং কুলঞ্জ ইউনিয়ন পরিষদ

দিরাই,সুনামগঞ্জ।